164

দৈনিক ইত্তেফাক

তারিখ 06 NOV 1997
পৃষ্ঠা ১ কলাম ৪

# ফাঁস হওয়া প্রশ্নপত্রে ডিগ্রী পরীক্ষা গ্রহণ

ইত্তেফাক রিপোর্ট ॥ পরীক্ষার পূর্বে ফাঁস হইয়া যাওয়া প্রশ্নপত্রে গতকাল (বুধবার) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। গত মঙ্গলবার বাংলা বিষয়ের এই প্রশ্নপত্র ফাঁস হইয়া চট্টগ্রামসহ দেশের বিভিন্ন এলাকায় পরীক্ষার্থীদের হাতে হাতে চলিয়া যায়। (২য় পৃঃ ৫ঃ)

## ফাঁস হওয়া প্রশ্নপত্রে

(১ম পৃঃ পর)

গতকাল একটি জাতীয় দৈনিক পত্রিকায় এই প্রশ্নপত্র হুবহু ছাপা হইয়াছিল। এ দিকে প্রশ্নপত্র ফাঁস হওয়ার প্রেক্ষিতে গতকাল রাতে এই রিপোর্ট লেখা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণের জন্য বৈঠক করিতেছেন।